**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-03-2026**
**Time: 07:35-07:40 PM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PARLIAMENT BUDGET SESSION-II:**

সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আজ থেকে শুরু হবে এবং আগামী মাসের ২ তারিখ পর্যন্ত চলবে। আজ লোকসভায় অধ্যক্ষ  ওম বিড়লার অপসারণ সংক্রান্ত একটি প্রস্তাব গ্রহণের কথা রয়েছে। তিন কংগ্রেস সদস্য, এই প্রস্তাবটি উত্থাপন করবেন। যদি লোকসভায় তা  গৃহীত হয়, তাহলে শ্রী বিড়লা সভা পরিচালনা করবেন না এবং পরিবর্তে তিনি সাধারণ সদস্যদের মধ্যে বসবেন। বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কেরেরও লোকসভায় পশ্চিম এশিয়ার পরিস্থিতি সম্পর্কে একটি বিবৃতি দেওয়ার কথা রয়েছে। রাজ্যসভায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের কাজকর্ম নিয়ে আলোচনা সংসদের কার্যবিবরণীতে তালিকাভুক্ত রয়েছে।

বাজেট অধিবেশনের প্রথম পর্ব ২৮শে জানুয়ারী শুরু হয়েছিল এবং ১৩ই ফেব্রুয়ারী পর্যন্ত স্থায়ী হয়েছিল। প্রথম পর্যায়ে, রাষ্ট্রপতির ভাষণ এবং ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেটের উপর ধন্যবাদ প্রস্তাব নিয়ে আলোচনা হয়েছিল।

******************************

**Vice president** :

উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণণ দু'দিনের সফর শেষে গতকাল সন্ধ্যায় দিল্লীর উদ্দেশ্যে রাজ্য ত্যাগ করেছেন। এর আগে তিনি উদয়পুর ত্রিপুরা সুন্দরী মন্দির পরিদর্শনে যান। সেখানে মায়ের পুজো দেন। এর আগে মাতা বাড়িতে তাঁকে

স্বাগত জানান অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। এর পর উপরাষ্ট্রপতি ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের ১৪তম সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেন| তিনি শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণে সর্বোচ্চ সময় ব্যয় করার আহ্বান জানান। অনুষ্ঠানে ১৪৯ জনকে পিএইচডি সম্মান এবং ২৮৪ জন ছাত্রছাত্রীকে স্বর্ণপদক দেওয়া হয়।

এর আগে উপরাষ্ট্রপতি রিমোট টিপে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের একটি একাডেমিক বিল্ডিং এবং রেসিডেন্সিয়াল কমপ্লেক্স বিল্ডিং-এর উদ্বোধন করেন। ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে এগজামিনেশন হলটিও ঘুরে দেখেন।

বিকেলে উপরাষ্ট্রপতি হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গন অডিটরিয়ামে আয়োজিত লাখপতি দিদি ও স্ব-সহায়ক গোষ্ঠীর মহিলাদের নিয়ে মতবিনিময় করেন|

এর পর তিনি আগরতলার এলবার্ট এক্কা পার্কে ভারতীয় সেনা বাহিনীর যুদ্ধ স্মৃতি স্মারক স্তম্ভে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন|

*****************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুন দিল্লীতে প্রায় ৩৩ হাজার ৫00 কোটি টাকার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, দেশের রাজধানীতে পরিকাঠামো ও নাগরিক সুবিধা শক্তিশালী ও সম্প্রসারিত করা হচ্ছে। এই প্রকল্পগুলি দিল্লীর পরিকাঠামো, যোগাযোগ ব্যবস্থা এবং মানুষের জীবনযাত্রা আরও উন্নত করবে বলেও প্রধানমন্ত্রী জানান।

*****************************

**Minister Bikash Debbarma:**

ত্রিপুরার পাহাড়ি জনপদে নব্বইয়ের দশকের তৎকালীন সন্ত্রাসবাদীদের অত্যাচারের জনজাতিরা কতটা ক্ষতিগ্রস্ত হয়েছিলেন সেই বর্ণনা জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মার কাছে তুলে ধরলেন দুর্গম আঠারোমুড়া পাহাড়ের ৪৩ মাইল এলাকার মানুষ। আর এই সমস্ত সন্ত্রাসবাদী কার্যকলাপের কারণে কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের ৪৩ মাইল এলাকায় কোন ধরনের উন্নয়নমূলক কর্মসূচি বাস্তবায়িত হয়নি। গ্রামবাসীদের মন্ত্রী বিকাশ দেববর্মা বললেন, "আজকের ত্রিপুরা অনেকটাই বদলে গেছে। দেশের প্রধানমন্ত্রী এবং রাজ্যের মুখ্যমন্ত্রীর এই এলাকার শিক্ষার জন্য তৈরি হয়েছে স্কুল, হোস্টেল। স্থানীয় জনগণের আর্থিক অবস্থা মজবুত করতে রাজ্য সরকার আন্তরিক বলেও তিনি জানান।

******************************

**Platinam Jublee-Julaibari:**

দক্ষিণ জেলার জোলাইবাড়ি দ্বাদশ শ্রেনী বিদ্যালয়ের প্লাটিনাম জুবিলীর সমাপ্তি অনুষ্ঠান গতকাল অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, স্কুলের প্রাক্তন ছাত্র ত্রিপুরা উচ্চ আদালতের অবসরপ্রাপ্ত বিচারপতি স্বপন চন্দ্র দাস, শিশু বিশেষজ্ঞ ডা: নীলরতন মজুমদার সহ অন্যান্যরা।

******************************

**Justice Dr. T amarnath goud:**

ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি ড. টি অমরনাথ গৌড় বলেছেন, সাধারণ মানুষের যেকোনো ধরনের আইনি সমস্যার জন্য প্রস্তুত আছে আইনসেবা কর্তৃপক্ষ। গতকাল পূর্ব নোয়াবাদী হাই স্কুল প্রাঙ্গণে আইনি সেবা শিবিরে প্রধান অতিথির ভাষনে একথা বলেছেন বিচারপতি। শিবিরে আধার কার্ড, আয়ুষ্মান

কার্ড, হেলথ কার্ড, জন্ম ও মৃত্যু শংসাপত্র, ম্যারেজ সার্টিফিকেট, সহ আরো বিভিন্ন প্রশাসনিক পরিষেবা দেওয়া হয়েছে।

******************************

**INDIA LIFTS T-20 CRICKET WC-2026:**

ভারত ৯৬ রানে নিউজিল্যান্ডকে হারিয়ে ২০২৬এর টি-টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটের শিরোপা জিতেছে।

আয়োজক দেশ ভারত আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে গতকাল নিজেদের ব্যাটিং নৈপুন্যে ২০ ওভারে ৫ উইকেটে ২৫৫ রানের বিশাল স্কোর গড়ে তোলে, যেখানে নিউজিল্যান্ড ১৯ ওভারে ১৫৯ রানেই সকলে আউট হয়ে মুখ থুবড়ে পড়ে।এই বিশাল জয়ের ফলে বারবার তিনবার টি-টোয়েন্টি বিশ্ব চ্যাম্পিয়ন হিসেবে ভারতের শ্রেষ্ঠত্ব স্বীকৃতি পেল।

রবিবারের সন্ধ্যায় সারা দেশের সঙ্গে রাজ্যেও ক্রিকেট ভক্তরা সীমিততম ওভারের আকর্ষনীয় খেলায় ভারতের জয় উপভোগ এবং উদযাপন করেছেন, দলের শক্তিশালী দক্ষতার সেরা নিদর্শন তুলে ধরা এবং বিশ্ব ক্রিকেটে ধারাবাহিক আধিপত্যের প্রশংসাও তারা করেছেন।

******************************

**InternationalWomen Day, ASMITA-Dhalai :**

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে অসমিতা প্রকল্পে গতকাল স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া এবং মাই ভারত যৌথ উদ্যোগে দেশের ২৫০টি স্থানে একযোগে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সারা দেশের সাথে রাজ্যেও অসমিতা প্রকল্পে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে ধলাই জেলার কমলপুর মহকুমায়। কমলপুর পি এম শ্রী কৃষ্ণচন্দ্র দ্বাদশ বালিকা বিদ্যালয়ের মাঠে আয়োজিত হয়

“অস্মিতা স্পোর্টস ইভেন্ট”। নারীদের সম্মান জানানো ও তাদের ক্ষমতায়নের বার্তা ছড়িয়ে দিতেই এই আয়োজন। এই অনুষ্ঠানের সূচনা করেন ধলাই জেলার জিলা পরিষদের সভাধিনেত্রী সুস্মিতা দাস| ১৩ বছর থেকে সকল বয়সের নারীদের তিনটি বিভাগে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারম্যান প্রশান্ত সিনহা, ধলাই জেলার ডিস্ট্রিক্ট ইউথ অফিসার (মাই ভারত) অজিত কুমার, ডিসিএম অদিতি দাস প্রমুখ।

******************************

**Weather:**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারনত মেঘলা থাকবে। হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে| দিনের তাপমাত্রা সর্বাধিক ৩২ ডিগ্রি ও সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস। সাড়ে পাঁচটা পর্যন্ত পরিমাপ যোগ্য বৃষ্টিপাত ছিল 0.৪ মিলিমিটার৷

******************************

******************************